

# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

ঠিকরাবন্দ, খুলনা।

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

১। নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	প্রতিটি দরপত্রের মূল্য	দরপত্রের সঙ্গে প্রদত্ত জামানতের পরিমাণ	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
৪৮/২০১৮-২০১৯	ক) সার্ভার ও ইউপিএস	১৯/০৩/২০১৯ তারিখ (মঙ্গলবার) হতে -- ০৮/০৪/২০১৯ তারিখ (সোমবার) পর্যন্ত।	৫০০/- (পাঁচ শত) টাকা	২২,০০০/- (বাইশ হাজার টাকা মাত্র)	০৯/০৪/২০১৯ (মঙ্গলবার) দুপুর ১২.০০ ঘটিকা।	০৯/০৪/২০১৯ (মঙ্গলবার) দুপুর ১২.৩০ ঘটিকা।

২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।

৩। আগ্রহী দরদাতাগণ খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে উপরের বর্ণনা মোতাবেক পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) পরিচালক পবিস উঃ ও পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯, (২) খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা এই ঠিকানা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

৪। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে (১) পরিচালক, পবিস উঃ ও পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (২) খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা এই ঠিকানায় দরপত্র গ্রহণ ও খোলা হবে। দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলী ব্যাংক হতে বর্ণনা মোতাবেক পে-অর্ডার / ডিমান্ড ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দরদাতা প্রতিষ্ঠান সমূহের অবশ্যই বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্য পদসহ কাজের অভিজ্ঞতার সনদ থাকতে হবে। Dealer/ Distributor / Re-seller / ন্যূনতম GID হিসাবে কম্পিউটার ব্যবসায় সনদ থাকতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে।

৫। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক হিসাবখাতে প্রাপ্য চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।

৬। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

৭। খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার সকল অধিকার সংরক্ষণ করে।

সিনিয়র জেনারেল ম্যানেজার  
খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

“জ্বলছে আলো চলছে দেশ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ”